# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 03 May, 2025

মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরবে সন্ত্রাসী কর্মকাণ্ডে দোষী সাব্যস্ত অন্তত দু'জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে।শনিবার দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে ওই দুই ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকরের তথ্য জানানো হয়েছে।এ নিয়ে চলতি বছরের এখন পর্যন্ত দেশটিতে কমপক্ষে ১০০ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে বলে জানিয়েছে ফরাসি বার্তা সংস্থা এএফপি।

সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করা মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, সন্ত্রাসবাদের সঙ্গে জড়িত সৌদি দুই নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে।সন্ত্রাসী সংগঠনে যোগদান এবং বিদেশে প্রশিক্ষণ শিবিরে বিস্ফোরক তৈরির প্রশিক্ষণ নেওয়ার দায়ে দোষী সাব্যস্ত হয়েছিলেন তারা।

বিবৃতিতে সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, দেশের সংশ্লিষ্ট আদালতে তাদের স্থানান্তর করার পর দীর্ঘ শুনানি হয়েছে।সেখানে তাদের বিরুদ্ধে আনা অভিযোগের সত্যতা নিশ্চিত হওয়ার পর আদালত মৃত্যুদণ্ড কার্যকরের আদেশ জারি করে রায় ঘোষণা করেছিলেন।

ফরাসি বার্তা সংস্থা এএফপির পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরের এখন পর্যন্ত সৌদি আরবে কমপক্ষে ১০০ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে।যাদের মধ্যে ৫৯ জনের বিরুদ্ধে মাদক সংক্রান্ত অপরাধের অভিযোগ ছিল।মৃত্যুদণ্ড কার্যকর করা ব্যক্তিদের মধ্যে অন্তত ৪৩ জনই বিদেশি।

সৌদি আরবে হত্যা, সন্ত্রাসী হামলার পাশাপাশি মাদক চোরাচালান ও পাচারের ঘটনায় দোষীদের বিরুদ্ধে মৃত্যুদণ্ডের সাজা কার্যকর করা হয়।বিভিন্ন সময়ে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকরের তীব্র নিন্দা জানায়।

মানবাধিকার সংগঠন রিপ্রিভের প্রধান জিদ বাসিউনি এক বিবৃতিতে বলেছেন, ‘‘সৌদি আরব নিজেকে ইতিবাচক কূটনৈতিক শক্তি হিসেবে উপস্থাপন করলেও আন্তর্জাতিক অংশীদাররা দেশটির মানবাধিকারের চরম লঙ্ঘনের বিষয়টি উপেক্ষা করছে।’

তিনি বলেন, ‘‘এর ফল কী? জানুয়ারি থেকে এখন পর্যন্ত ১০০ জনেরও বেশি মানুষের মৃত্যুদণ্ড কার্যকর হয়েছে; যার অর্ধেকের বেশি হয়েছে প্রাণঘাতী নয়–এমন মাদক সংশ্লিষ্ট অপরাধে।গত বছর এই সংখ্যা ছিল ৩৪৫।’

সৌদি আরব প্রায় তিন বছর বিরতির পর ২০২২ সালের শেষের দিকে পুনরায় মাদক সংশ্লিষ্ট অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর করা শুরু করে।

এএফপির পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে গত বছর অন্তত ৩৩৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়; যা ২০২৩ সালের ১৭০ জনের তুলনায় প্রায় দ্বিগুণ এবং ২০২২ সালের ১৯৬ জনের চেয়ে অনেক বেশি।

গত মাসে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এক বিবৃতিতে সৌদি আরবে ‘‘মাদক সংক্রান্ত অপরাধে মৃত্যুদণ্ডের উদ্বেগজনক বৃদ্ধির’’ কড়া সমালোচনা করে।বিশ্বে মৃত্যুদণ্ড কার্যকরে সৌদি আরব অন্যতম শীর্ষ স্থানে রয়েছে।২০২২ সালের মার্চে একদিনে ৮১ জনের মৃত্যুদণ্ড কার্যকর করে দেশটি বিশ্বজুড়ে তীব্র নিন্দা ও সমালোচনার মুখে পড়েছিল।

সৌদি আরবের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের নেতৃত্বে তেলনির্ভর অর্থনীতি থেকে সরে এসে পর্যটন ও ক্রীড়াক্ষেত্রে বড় বিনিয়োগ করছে–যেমন ২০৩৪ সালের ফুটবল বিশ্বকাপ আয়োজনের পরিকল্পনা করছে দেশটি।তবে মানবাধিকারকর্মীদের মতে, ‘‘উদার ও সহনশীল সমাজ’’ গড়তে ক্রাউন প্রিন্সের ভিশন-২০৩০ সংস্কার পরিকল্পনার মূল  যে ভিত্তি রয়েছে, সেটিকে ক্ষতিগ্রস্ত করছে মৃত্যুদণ্ড কার্যকরের এই প্রবণতা।

যদিও সৌদি কর্তৃপক্ষের দাবি, জনশৃঙ্খলা রক্ষায় মৃত্যুদণ্ড অপরিহার্য এবং কেবল সব ধরনের আপিল প্রক্রিয়া শেষ হওয়ার পরই তা কার্যকর করা হয়।

সূত্র: এএফপি।

মধ্যপ্রাচ্যে সৌদি মন্ত্রণালয়ে আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:57

URL: https://timestodaybd.com/international/1860518185